**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২০৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৫ / ০১ সেপ্টেম্বর ২০১৮

**বিষয়: ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ইউনিয়ন পরিষদের শূন্য পদে (সংলগ্নী-১) **০৩ অক্টোবর ২০১৮ তারিখে** ভোটগ্রহণের দিন নির্ধারণকরতঃ উপনির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে উপনির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, ইতোপূবের্র নির্দেশনার আলোকে পদ্ধতিগতভাবে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৩। **আপিল কর্তৃপক্ষ :** উল্লিখিত ইউনিয়নের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিষ্পত্তিকরণের লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে ইতোপূর্বের সিদ্ধান্তের আলোকে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্বপালন করবেন।

৪। **সময়সূচির বিজ্ঞপ্তি জারি :** উল্লিখিত ইউনিয়নের শূন্য পদে ০৩ অক্টোবর ২০১৮ তারিখে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপবিধি (৩) অনুসারে মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থীতা প্রত্যাহারের তারিখ ও ভোটগ্রহণের তারিখ নির্ধারণকরতঃ বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে।

৫। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট বিধান এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

৬। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারিকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৭। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। **প্রতীক বরাদ্দের পর** সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের **পর দিন সঠিক রয়েছে** মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

৮। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন, মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণ/নিষ্পত্তি সংক্রান্ত দিনসহ উক্তরূপ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল-বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি ও প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও

C:\Users\DELL\Desktop\UP-20.08.2018\Up & Uz-01.09.2018\1-UP-October- Schidule- 2018.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল দায়ের, প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি কার্যক্রম অফিস চলাকালীন এবং বন্ধের দিন হলে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

**৯। অন্যান্য নির্দেশনা** : তাছাড়া **০৩ অক্টোবর ২০১৮ তারিখে** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ উল্লিখিত ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে ২০১৬ সনে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র, নির্দেশনা এবং পরবর্তীতে সময় সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

**১০।** বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়নের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০২/৯/২০১৮

**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোন: ৫৫০০৭৫২৫
মোবাইল: ০১৭১৫০০০৭৪৯
E-mail: forhadakecs2015@gmail.com

সংলগ্নী: উপরে বর্ণিত

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,
............................................................. (সংশ্লিষ্ট)
২। উপজেলা/থানা নির্বাচন অফিসার, .......................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৮-২০৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৫
০১ সেপ্টেম্বর ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, .................................................................. (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ............................................................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১৩. জেলা প্রশাসক, ........................................................................................ (সংশ্লিষ্ট)

১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৭. উপসচিব, ........................................................................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৮. পুলিশ সুপার, ................................................................................ (সংশ্লিষ্ট)

১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................................................ (সংশ্লিষ্ট)

২০. উপজেলা নির্বাহী অফিসার, ............................................................ (সংশ্লিষ্ট)

২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ........................................................ (সংশ্লিষ্ট)

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সিনিয়র/ সহকারী সচিব/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৬. ........................................................................................ রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................................ (সংশ্লিষ্ট থানা)।

০১/০৯/১৮

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২
ফোন: ৫৫০০৭৫৫৯
মোবাইল: ০১৫৫০০৪২০৪১

## ইউনিয়ন পরিষদের শূন্য পদে উপনির্বাচন

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | বীরগঞ্জ | পাল্টাপুর | চেয়ারম্যান |
| ২. | | বোচাগঞ্জ | আটগাঁও | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩. | | সদর | কমলপুর | ৬ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪. | | | শেখপুরা | চেয়ারম্যান |
| ৫. | ঠাকুরগাঁও | সদর | সালন্দর | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬. | কুড়িগ্রাম | নাগেশ্বরী | বামনডাঙ্গা | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭. | রাজশাহী | পবা | হুজুরীপাড়া | চেয়ারম্যান |
| ৮. | নওগাঁ | সদর | হাঁসাইগাড়ী | ১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৯. | পাবনা | সদর | দাপুনিয়া | চেয়ারম্যান |
| ১০. | সিরাজগঞ্জ | সদর | রতনকান্দি | চেয়ারম্যান |
| ১১. | | রায়গঞ্জ | ধানগড়া | ৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১২. | বগুড়া | শিবগঞ্জ | দেউলী | ৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৩. | কুষ্টিয়া | ভেড়ামারা | জুনিয়াদহ | ৪ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৪. | | খোকসা | জয়ন্তিহাজরা | ৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৫. | যশোর | মণিরামপুর | দুর্বাডাংগা | চেয়ারম্যান |
| ১৬. | খুলনা | দাকোপ | দাকোপ | ৬ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৭. | | তেরখাদা | তেরখাদা | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮. | | | আজগড়া | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৯. | বরিশাল | আগৈলঝাড়া | গৈলা | ৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২০. | পটুয়াখালী | গলাচিপা | ডাকুয়া | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. | | দুমকী | মুরাদিয়া | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২২. | | বাউফল | নওমালা | ১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২৩. | ঝালকাঠী | রাজাপুর | মঠবাড়ী | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. | ভোলা | তজুমদ্দিন | সম্ভুপুর | চেয়ারম্যান |
| ২৫. | টাঙ্গাইল | ঘাটাইল | জামুরিয়া | ১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৬. | | ভূঞাপুর | অলোয়া | চেয়ারম্যান |
| ২৭. | | মির্জাপুর | বানাইল | ৬ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৮. | ময়মনসিংহ | ফুলবাড়ীয়া | দেওখোলা | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. | | গফরগাঁও | পাঁচবাগ | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩০. | | ধোবাউড়া | ঘোষগাঁও | ১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩১. | মানিকগঞ্জ | হরিরামপুর | চালা | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২. | | | রামকৃষ্ণপুর | ৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৩. | মুন্সীগঞ্জ | সিরাজদিখান | চিত্রকোট | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৪. | | শ্রীনগর | হাঁসাড়া | ৩ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩৫. | ঢাকা | সাভার | বনগাঁও | ৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৬. | | নবাবগঞ্জ | বক্সনগর | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৭. | গাজীপুর | কালীগঞ্জ | বাহাদুরসাদী | ১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩৮. | নরসিংদী | রায়পুরা | অলিপুরা | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. | নারায়ণগঞ্জ | আড়াইহাজার | খাগকান্দা | চেয়ারম্যান |
| ৪০. | ফরিদপুর | সালথা | সোনাপুর | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪১. | শরীয়তপুর | সদর | চন্দ্রপুর | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪২. | | গোসাইরহাট | সামন্তসার | ১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৩. | | ভেদরগঞ্জ | কাচিকাটা | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৪. | সিলেট | কানাইঘাট | বড়চতুল | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| ক্রঃনং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ৪৫. | | কোম্পানীগঞ্জ | দক্ষিণ রণিখাই | ১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৬. | সুনামগঞ্জ | জগন্নাথপুর | পাটলী | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৭. | মৌলভীবাজার | কুলাউড়া | পৃথিপাশা | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৮. | হবিগঞ্জ | বানিয়াচং | সুজাতপুর | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৯. | | মাধবপুর | জগদীশপুর | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫০. | কুমিল্লা | লাকসাম | গোবিন্দপুর | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫১. | | হোমনা | নিলখী | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫২. | | মুরাদনগর | আকুবপুর | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৩. | চাঁদপুর | শাহরাস্তি | টামটা দক্ষিণ | ৪ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৪. | | হাইমচর | গাজীপুর | ৪ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৫. | ফেনী | ছাগলনাইয়া | ঘোপাল | ৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৬. | লক্ষ্মীপুর | রামগতি | চর রমিজ | ৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৭. | চট্টগ্রাম | সাতকানিয়া | ঢেমশা | ৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৮. | | | পুরানগড় | ৬ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৯. | | হাটহাজারী | শিকারপুর | ১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬০. | কক্সবাজার | হাটহাজারী | শিকারপুর | ১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬১. | | রামু | জোয়ারিয়ানালা | ৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬২. | | টেকনাফ | সাবরাং | ২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |